জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-এক্সপোর্ট
ফোন নং +৮৮০২ ৪৭১১৫৩৭৯/ext-৪২৪
৯৫৬৭৪৬৪/ ext-৪৫৭

Website:www.janatabank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৭৯৬/১৮ তারিখঃ ২১/০১/২০১৮

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব,সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন
কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় ঃ বৈদেশিক বিনিময় বিল (Foreign Documentary Bills Purchase) ক্রয়ের ক্ষেত্রে কতিপয় আবশ্যকীয় পরিপালনীয় নির্দেশনা প্রসঙ্গে।

জনাব,
উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে বৈদেশিক বিনিময় বিল (Foreign Documentary Bills Purchase) ক্রয়ের ক্ষেত্রে নিম্নোক্ত কতিপয় আবশ্যকীয় নির্দেশনা পরিপালনের জন্য সকল এডি শাখাসমূহকে নির্দেশ প্রদান করা হলোঃ

১. বৈদেশিক বিনিময় বিল (Foreign Documentary Bills Purchase) ক্রয়ে পোশাক শিল্পের ক্ষেত্রে বিবিএলসি অংশ(Floating রেখে) বাদ দিয়ে শুধুমাত্র সিএম অংশের জন্য এফডিবিপি দায় সৃষ্টি করতে হবে।
২. FCR(Forwarder Cargo Receipts)/HAWB(House Airway Bill) এর ক্ষেত্রে Master Bill of Lading/ Original Air ways Bill সংগ্রহ নিশ্চিতকরণ এবং সেক্ষেত্রে FCR(Forwarder Cargo Receipts)/ HAWB(House Airway Bill) ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহের Shipping Agent হিসেবে কাজ করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন রয়েছে কিনা তা যাচাই করে নিশ্চিত হতে হবে।
৩. চুক্তিপত্রের বিপরীতে রপ্তানি বিল ক্রয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয় এর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট হতে নীতিগত অনুমোদন গ্রহণ করতে হবে।
৪. চুক্তিপত্রের বিপরীতে রপ্তানি বিল ক্রয়ের ক্ষেত্রে চুক্তিপত্রের Genuineness যাচাইসহ বিদেশী ক্রেতার সন্তোষজনক ক্রেডিট রিপোর্ট ব্যতীত বিল ক্রয় করা যাবে না এবং প্রতি ০৩ মাস অন্তর অন্তর বৈদেশিক ক্রেতার সন্তোষজনক ক্রেডিট রিপোর্ট সংগ্রহ করে নথিতে সংরক্ষণ করতে হবে।
৫. ডেফার্ড/ইউজেন্স চুক্তিপত্রের বিপরীতে Acceptance ব্যতিরেকে বিল ক্রয় করা যাবে না।
৬. চুক্তিপত্রের বিপরীতে ইতোপূর্বে ক্রয়কৃত কোন বিল মেয়াদোত্তীর্ণ থাকলে পরবর্তীতে আর কোন বিল ক্রয় করা যাবে না।

উক্ত নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত

কাজী রইস উদ্দিন আহমেদ
উপ-মহাব্যবস্থাপক

মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক